



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/13/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর কুওমো চতুর্থ অঞ্চল বেঞ্চমার্ক 15 মে পুনরায় চালু করার ঘোষণা করেছেন

নর্থ কাউন্টি ফিঙ্গার লেক, সাউদার্ন টায়ার ও মোহাক ভ্যালি অঞ্চলে যোগ দেয়, যা প্রয়োজন অনুযায়ী সাতটি মেট্রিক্স পূরণ করে NYS অন পজ অর্ডারগুলির পবে পুনরায় খোলা শুরু করতে যার মেয়াদ 15 মে শেষ হবে

আঞ্চলিক মনিটরিং ড্যাশবোর্ড প্রতিটি অঞ্চল চালু করতে কতটি মেট্রিক্স পূরণ করেছে তা দেখাচ্ছে যেগুলো তা এখানে পাওয়া যাবে

NYS এর 2,750 পুলিশ সদস্যদের অ্যান্টিবডি পরীক্ষার সমীক্ষার ফলাফল দেখায় যে 3.1 শতাংশের মধ্যে COVID-19 অ্যান্টিবডি রয়েছে

NYS ডিপার্টমেন্ট অব কাবিকেশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন এর প্রায় 3,000-সদস্যের অ্যান্টিবডি পরীক্ষার সমীক্ষা দেখায় যে 7.5 শতাংশের মধ্যে COVID-19 অ্যান্টিবডি রয়েছে

নিউ ইয়র্ক স্টেটে আরো 2,176 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 47 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 340,661-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে আজ পর্যন্ত, নর্থ কাউন্টি স্টেটের আঞ্চলিক পর্যায় পুনরায় খোলার পরিকল্পনা শুরু করার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক্স পূরণ করেছে, যখন 15 মে NYS অন পজ আদেশের মেয়াদ সমাপ্ত হয়, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক ভ্যালি অঞ্চলগুলিতে যোগদান করে। যদি এই ধারা অব্যাহত থাকে, তাহলে এই চারটি অঞ্চল ফেজ ওয়ান-এর জন্য ব্যবসা শুরু করতে পারে, যার মধ্যে রয়েছে নির্মাণ; উৎপাদন এবং পাইকারি সরবরাহ চেইন; কার্বসাইড পিকআপ এবং ড্রপ-অফ অথবা ইন-স্টোর পিকআপের জন্য খুচরা এবং কৃষি, বন ও মাছ শিকার। সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে সাতটি মেট্রিক্স-এর ছয়টি পূরণ করা হয়েছে এবং সপ্তাহের শেষে সম্ভাব্য প্রস্তুত হতে পারে। স্টেটের "NY ফরওয়ার্ড রিওপেনিং" ("NY Forward Reopening") এই পরিকল্পনার একটি নির্দেশিকা এখানে পাওয়া যায়। স্টেটের রিজিওনাল মনিটরিং ড্যাশবোর্ড এখানে পাওয়া যায়।

গভর্নর আরো জানিয়েছেন, নিউ ইয়র্ক স্টেট পুলিশ এর 2,750 সদস্যের স্টেট অ্যান্টিবডি টেস্টিং সার্ভের ফলাফল দেখায় যে 3.1 শতাংশ সদস্যদের COVID-19 অ্যান্টিবডি রয়েছে। উপরন্তু, ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision) এর প্রায় 3,000-সদস্যের অ্যান্টিবডি পরীক্ষার সমীক্ষা দেখায় যে 7.5 শতাংশের মধ্যে COVID-19 অ্যান্টিবডি রয়েছে। এই ফলাফলগুলি আপস্টেট নিউ ইয়র্কের সাধারণ জনগণের 12.3 শতাংশের সাথে তুলনা করা হয়েছে যা COVID-19 অ্যান্টিবডিগুলির জন্য পজিটিভ পরীক্ষা করেছে।

"সংখ্যা ক্রমশ কমে আসতে থাকায় এবং আমরা পাহাড়ের অন্য প্রান্তে নেমে আসছি, পুনরায় খোলার বিষয়ে এখন অনেক মনোযোগ," **গভর্নর কুওমো বলেন।** "আমরা এই স্টেটে এমন কিছু করছি যে অন্য কোনো স্টেট করছে না - আমরা পুনরায় খুলে দেওয়া অভিযান সম্পর্কে স্বচ্ছ আলোচনা করছি এটি কেবল তখনই কার্যকর হয় যদি লোকেরা এটি বুঝতে পারে এবং এটির অংশ হয়। নিউ ইয়র্কবাসিরা তাদের অঞ্চল এবং তাদের কাউন্টিতে প্রতিদিন ঠিক কী ঘটছে তা জানতে পারবে এবং অঞ্চলগুলি কখন আবার পুনরায় খোলার জন্য প্রস্তুত হবে এবং আমাদের যদি পুনরায় খোলার পরিকল্পনাগুলি সামঞ্জস্য করতে প্রয়োজন হয় তা নির্ধারণ করতে স্টেট এই মেট্রিকগুলি পর্যবেক্ষণ করবে। চারটি অঞ্চল এখন থেকে খুলে দেওয়া শুরু করার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক পূরণ করেছে এবং এই প্রক্রিয়া এগিয়ে যাওয়ার সাথে সাথে আমরা নিউ ইয়র্কবাসিকে অবিরত অবহিত রাখব।"

পরিশেষে, গভর্নর আরও 2,176 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 340,661-তে নিয়ে এসেছে। মোট 340,661 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,494	15
Allegany	44	2
Broome	382	3
Cattaraugus	61	0
Cayuga	60	0
Chautauqua	43	1
Chemung	132	1
Chenango	112	0
Clinton	78	1
Columbia	318	4
Cortland	31	1
Delaware	66	1
Dutchess	3,429	30
Erie	4,606	76

Essex	32	0
Franklin	17	0
Fulton	140	5
Genesee	174	0
Greene	206	0
Hamilton	5	0
Herkimer	84	3
Jefferson	68	0
Lewis	11	0
Livingston	103	1
Madison	253	2
Monroe	1,959	69
Montgomery	68	1
Nassau	38,587	153
Niagara	690	19
NYC	187,250	1,127
Oneida	686	10
Onondaga	1,395	87
Ontario	109	2
Orange	9,693	61
Orleans	142	9
Oswego	76	0
Otsego	67	0
Putnam	1,108	10
Rensselaer	420	4
Rockland	12,543	39
Saratoga	410	3
Schenectady	587	6
Schoharie	47	1
Schuyler	8	0
Seneca	49	0
St. Lawrence	192	1
Steuben	230	1
Suffolk	37,305	243
Sullivan	1,135	16
Tioga	108	1
Tompkins	136	4
Ulster	1,481	16

Warren	223	2
Washington	214	4
Wayne	84	1
Westchester	31,611	139
Wyoming	77	0
Yates	22	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)